# পরিবার কল্যাণ পরিদর্শিকা ইনষ্টিটিউট

## চুক্তিনামা

সরকার কর্তৃক পরিচালিত রাংগামাটি পার্বত্য জেলাধীন পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনষ্টিটিউট ( FWVTI ) এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিপত্র।

যেহেতু রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ ( ১৯৮৯ সনের ১৯ নং আইন ) এর ধারা ২২ এবং ২৩ এবং ১৯৯৮ সনের ৯ নং আইনের মাধ্যমে আনীত রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ ( সংশোধন ) আইনে বর্ণিত প্রথম তফসিলভুক্ত সরকার কর্তৃক পরিচালিত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রমে নিয়োজিত মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রশিক্ষণ সংক্রান্ত রাংগামাটিতে অবস্থিত পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনষ্টিটিউট (FWVTI ) রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিম্নবর্ণিত শর্তে হস্তান্তর করিতে সরকার ইচ্ছা প্রকাশ করিয়াছেন ; এবং

যেহেতু সরকার ও রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার প্রেক্ষিতে উক্ত আইনের ২৩ ধারা অনুযায়ী রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ উক্ত পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাংগামাটি প্রতিষ্ঠানটি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন ;

সেহেতু সরকার উপরোক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে রাংগামাটি পার্বত্য জেলায় অবস্থিত পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনষ্টিটিউট (FWVTI) এর নিম্নলিখিত কর্ম ও বিষয়গুলি নিম্নোক্ত শর্তাধীনে রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করিলেন ;

**শর্ত সমূহ ঃ**

১। **বিষয় ঃ**

সরকার তথা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট) কর্তৃক পরিচালিত রাংগামাটি পার্বত্য জেলায় অবস্থিত পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনষ্টিটিউট (FWVTI) এর ;

(ক) সকল কার্যক্রম পরিচালনা, তত্ত্বাবধান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ ;

(খ) প্রয়োজনের প্রেক্ষিতে সরকারী নিয়মানুযায়ী নিজস্ব তহবিল বা সরকার প্রদত্ত তহবিল থেকে উক্ত প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পনা/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন ;

(গ) জাতীয় পর্যায়ে সরকার কর্তৃক গৃহীত সকল উন্নয়ন কার্যক্রম পরিষদের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়ন ;

(ঘ) যেহেতু প্রতিষ্ঠানটি নিজস্ব স্বত্ব অর্থাৎ সরকারী মালিকানাধীন সেহেতু প্রতিষ্ঠানের সকল ভবন, সম্পদ, আসবাবপত্র ইত্যাদি রক্ষণাবেক্ষণ, মেরামত, সংস্কার ও উন্নয়ন সরকারী নিয়ম-কানুন অনুযায়ী পরিষদ কর্তৃক সম্পাদন ;

(ঙ) উক্ত প্রতিষ্ঠানের ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের বদলী, পদোন্নতি, ছুটি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি বিধানের আওতায় জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট) এর মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে সুপারিশ প্রদান ;

(চ) জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট) এর কারিকুলামের আওতায় উক্ত প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং ক্ষেত্র বিশেষ প্রয়োজনবোধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করণ এবং পরামর্শ গ্রহণ ;

(ছ) জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট) এর কারিকুলামের আওতায় উক্ত প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও পরীক্ষা নিয়ন্ত্রণ এবং ক্ষেত্র বিশেষে প্রয়োজনবোধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও নিপোর্টকে অবহিত করণ এবং পরামর্শ গ্রহণ ;

২। **অর্থ বরাদ্দ ঃ**

(ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের চাহিদা পত্রের আলোকে পার্বত্য জেলা পরিষদের সুপারিশের ভিত্তিতে সরকারের আর্থিক বিধি অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট) জেলা পরিষদ এর অনুকূলে প্রয়োজনীয় রাজস্ব বাজেট ভুক্ত অর্থ বরাদ্দ করিবে এবং পার্বত্য জেলা পরিষদ সংশ্লিষ্ট বিধি/প্রবিধান মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাসহ অন্যান্য যাবতীয় ব্যয় নির্বাহ করিবে এবং নিয়মানুযায়ী উক্ত খরচের ত্রৈমাসিক ও বার্ষিক বিবরণী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট) এ প্রেরণ করিবে। তবে জিপিএফ এবং বিভিন্ন ধরনের অগ্রিম পূর্বের ন্যায় প্রচলিত নিয়মানুযায়ী কেন্দ্রীয়ভাবে পরিচালিত হবে। এই ধরনের অগ্রিম আবেদন পরিষদের মাধ্যমে অগ্রায়ণ করিতে হইবে ;

(খ) বাস্তবায়নাধীন উন্নয়ন কর্মকান্ডের জন্য মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক বরাদ্দযোগ্য অর্থ পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদান করিতে হইবে ;

(গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিক্রয়যোগ্য পন্য, হোষ্টেল, শ্রেণীকক্ষ বিশ্রামাগার ও অন্যান্য উৎস হইতে আয় (অডিট আপত্তি না হওয়ার শর্ত সাপেক্ষে ) পার্বত্য জেলা পরিষদের তহবিলে জমা হইবে এবং পরিষদ প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিবে.;

(ঘ) জেলা পরিষদ কর্তৃক গৃহীত উন্নয়ন কার্যক্রমের অর্থের সংস্থান জেলা পরিষদ নিজস্ব তহবিল হইতে মিটাইবে ;

৪৯

৩। <u>নিয়োগ, বদলী ও শৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদি ঃ</u>

(ক) কর্মকর্তাগণের নিয়োগ, বদলী, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি প্রচলিত বিধি বিধান ও নিয়মানুসারে পরিচালিত হইবে এবং তাহারা পরিষদের অধীনে প্রেষণে নিয়োজিত থাকিবেন ;

(খ) প্রতিষ্ঠানগুলোতে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের স্বাভাবিকভাবে মেয়াদ পূর্তির পূর্বে জেলার বাহিরে বদলী করা যাইবে না এবং জনস্বার্থে বিশেষ কারণে বদলীর ক্ষেত্রে পরিষদকে অবহিত করিতে হইবে। নিয়োগকৃত কর্মকর্তা স্থলে যোগদান না করা পর্যন্ত বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্ত করা যাইবে না। বদলীর ক্ষেত্রে কর্মকর্তা ও কর্মচারীদের অবমুক্তির জন্য পরিষদ চেয়ারম্যানের অনুমোদন লইতে হইবে;

(গ) সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ, বদলী, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা পরিষদের হস্তান্তরিত বিভাগের কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা মোতাবেক সম্পাদিত হইবে। পরিষদের চাকুরী প্রবিধানমালা প্রণয়নের পূর্ব পর্যন্ত প্রচলিত বিধিবিধান ও নিয়মানুসারে বর্ণিত বিষয়গুলো পরিচালিত হইবে ।

৪। <u>ছুটি ঃ</u>

(ক) জেলা পরিষদের চেয়ারম্যান এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা ( যিনি আবেদনকারী কর্মকর্তার নিম্ন পর্যায়ের কোন কর্মকর্তা হবেন না) অধ্যক্ষ FWVTI এর নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন।

(খ) অর্জিত ছুটি ও অন্যান্য ঃ

অর্জিত ছুটির ক্ষেত্রে সরকারের বিদ্যমান ছুটি বিধিমালা প্রযোজ্য হইবে; সকল কর্মকর্তার এতদসংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজপত্র জেলা পরিষদের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

৫। <u>বার্ষিক গোপনীয় অনুবেদন ঃ</u>

(ক) অধ্যক্ষের বার্ষিক গোপনীয় অনুবেদন পরিষদের চেয়ারম্যান লিখবেন ও প্রতিস্বাক্ষর করিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করিবেন ;

(খ) অন্যান্য কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন অধ্যক্ষ লিখিবেন এবং পরিষদের চেয়ারম্যান তাহা প্রতিস্বাক্ষর করিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করিবেন। অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

৬। <u>বিবিধ ঃ</u>

বিষয়ের সাথে সংশ্লিষ্ট কোন প্রকল্প/কর্মসূচী বিদেশী সাহায্য সংস্থা/দাতা সংস্থা কর্তৃক গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিষদকে পূর্ব হইতে অবহিত রাখিয়া তাহাতে পরিষদকে সম্পৃক্ত করিতে হইবে।

৭। <u>চুক্তি সংশোধন ঃ</u>

(ক) রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় যৌথভাবে চুক্তিতে বর্ণিত শর্তসমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা করিবেন এবং জনস্বার্থে ঐকমত্যের ভিত্তিতে এই চুক্তি পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করিতে পারিবেন ;

(খ) চুক্তি বাস্তবায়নে এবং ইহার ব্যাখ্যার ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি নিস্পত্তির জন্য সরকার তথা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট পেশ করা হইবে এবং রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের সাথে আলোচনাক্রমে উক্ত বিষয়ে বিরোধ নিস্পত্তিতে সরকার তথা পার্বত্য বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ/চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(গ) চুক্তিনামায় যে সব বিষয় বর্ণিত বা অন্তর্ভুক্ত হয় নাই, সে সব বিষয়ে সরকারের বিদ্যমান ও প্রযোজ্য আইন/বিধি/বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে।

এই চুক্তি অদ্য ১১/০৫/২০০৮ খ্রিঃ ২৮/০১/১৪১৫ বঙ্গাব্দ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে।

১১/৫/২০০৮

( কামরুন নাহার খানম )
যুগ্ম-সচিব (পরিবার কল্যাণ ও কার্যক্রম)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আমি জগৎ জ্যোতি চাকমা, চেয়ারম্যান, রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের পক্ষে এই চুক্তিপত্রে উল্লিখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

১১.০৫.০৮

( জগৎ জ্যোতি চাকমা )
চেয়ারম্যান
রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ
রাংগামাটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত রাঙ্গামাটি পার্বত্য জেলাধীন নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর চুক্তিপত্র।

যেহেতু রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন এর ধারা ২২ ও ২৩(খ) এবং ১ম তফসিলভূক্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত রাঙ্গামাটি পার্বত্য জেলাস্থ নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট এর বিষয়াদি , জনবল ও পরিসম্পদ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করিতে সরকার ইচ্ছা প্রকাশ করিয়াছেন, এবং

যেহেতু স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি পার্বত্য জেলায় অবস্থিত নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিতে সম্মত হইয়াছেন,

সেহেতু, সরকার উপরিউক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে রাঙ্গামাটি পার্বত্য জেলায় অবস্থিত নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট-এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ সমুহ প্রদত্ত শর্তসাপেক্ষে নিম্নবর্ণিতভাবে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে হস্তান্তর করিলেন ;

(ক) শর্তসমুহ :
০৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা নার্সিং কোর্স পরিচালনা করা।

(খ) জনবল :
নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (২য় শ্রেণী) ০১ (এক) জন, নার্সিং ইনস্টাক্টর (২য় শ্রেণী) ০২ (দুই) জন, তৃতীয় শ্রেণীর কর্মচারী ০৩ (তিন) জন এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী ০৮ (আট) জন।

(গ) বেতন-ভাতাসহ সকল ব্যয়:

(১) রাজস্ব ও উন্নয়ন খাতের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, ভাতাসহ কার্যালয় সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের নিকট সেবা পরিদপ্তর হইতে ন্যস্ত করা হইবে। তবে জিপিএফ এবং বিভিন্ন ধরণের অগ্রীম পূর্বের ন্যায় প্রচলিত নিয়ম অনুযায়ী কেন্দ্রীয়ভাবে পরিচালিত হইবে। এ ধরণের অগ্রীমের আবেদন পরিষদের মাধ্যমে অগ্রায়ন করিতে হইবে।

(২) কেন্দ্রীয়ভাবে নয় এমন বাস্তবায়নাধীন সকল উন্নয়ন কর্মকাণ্ডের জন্য মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিষদ কর্তৃক বরাদ্দযোগ্য অর্থ পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদান করিবে।

(৩) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিক্রয়যোগ্য, বিশ্রামাগার ও অন্যান্য উৎস হইতে আয় পার্বত্য জেলা পরিষদের তহবিলে জমা হইবে এবং পরিষদ প্রতিষ্ঠানের চাহিদা ও আর্থিক বিধি মোতাবেক ব্যয় নির্বাহ করিবে।

(ঘ) নিয়োগ, বদলী শৃংখলা ও পেনশন:

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ শুধুমাত্র ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে পরিষদের বিধি/প্রবিধান অনুযায়ী নিয়োগ, আন্তঃউপজেলা বদলী, শৃংখলামুলক ব্যবস্থা এবং পেনশনের কার্যক্রম ইত্যাদি গ্রহণ করিতে পারিবেন। সকল ১ম/২য় শ্রেণীর কর্মকর্তা পরিষদে প্রেষণে নিয়োজিত বলে গণ্য হইবেন এবং প্রচলিত সরকারী বিধি/প্রবিধি/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হইবেন। সেবা পরিদপ্তর রাঙ্গামাটি জেলা পরিষদ এলাকায় কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীকে স্বাভাবিকভাবে মেয়াদপুর্তির পূর্বে জেলার বাইরে বদলী করিতে পারিবেনা এবং জনস্বার্থে বিশেষ কারণে বদলীরক্ষেত্রে পরিষদকে অবহিত করিতে হইবে। তবে প্রতিকল্প কর্মকর্তা যোগদান না করা পর্যন্ত বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্ত করা যাইবে না। বদলীর ক্ষেত্রে কর্মকর্তা ও কর্মচারীদের অবমুক্তির জন্য পরিষদ চেয়ারম্যানের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(ঙ) ছুটি :

(১) জেলা পরিষদের চেয়ারম্যান এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে তাহার দ্বারা ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা (যিনি আবেদনকারী কর্মকর্তার নিম্ন পর্যায়ের কোন কর্মকর্তা হইবেন না) ইনস্ট্রাক্টর, নার্সিং ট্রেনিং ইন্সটিটিউটের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন। অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে নার্সিং ইনস্টাক্টর বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন।

(২) অর্জিত ছুটি ও অন্যান্য :

অর্জিত ছুটির ক্ষেত্রে সরকারের বিদ্যমান ছুটি বিধিমালা প্রযোজ্য হইবে। সকল কর্মকর্তার এতদসংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজ-পত্র জেলা পরিষদের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

(চ) বার্ষিক গোপনীয় অনুবেদন :

(১) নার্সিং ইনস্ট্রাক্টর রাঙ্গামাটির বার্ষিক গোপনীয় অনুবেদন জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা লিখিবেন এবং জেলা পরিষদের চেয়ারম্যান প্রতিস্বাক্ষর করতঃ যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করিবেন।

(২) পার্বত্য জেলায় কর্মরত অন্যান্য কর্মচারী/কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন নার্সিং ইনস্ট্রাক্টর লিখিবেন এবং জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা প্রতিস্বাক্ষরান্তে যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণের ব্যবস্থা করিবেন।

(ছ) উন্নয়ন ও অন্যান্য বিষয়াদি সংক্রান্ত কার্যক্রম:

(১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সেবা পরিদপ্তর কর্তৃক কেন্দ্রীয়ভাবে গৃহীত প্রকল্পসমূহ কেন্দ্রীয়ভাবে বাস্তবায়িত হইবে। তবে, এ বিষয়ে জেলা পরিষদকে অবহিত করিতে হইবে।

(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/সেবা পরিদপ্তর এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ যৌথভাবে চুক্তিতে বর্ণিত বিধানসমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা করিবেন এবং জনস্বার্থে ঐক্যমত্যের ভিত্তিতে এ চুক্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করিতে পারিবেন,

(৩) চুক্তি বাস্তবায়নে এবং ব্যাখ্যার ব্যাপারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেবা পরিদপ্তর এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি নিস্পত্তির জন্য সরকারের নিকট পেশ করা হইবে,

(৪) প্রয়োগিক জটিলতার কারণে যদি হস্তান্তরিত বিষয়/প্রতিষ্ঠান পরিচালনায় অসুবিধা সৃষ্টি হয় বা সুষ্ঠু পরিচালনা বা বাস্তবায়ন অসম্ভব হইয়া পড়ে, তাহলে সরকার উক্ত অসুবিধা বা অবস্থা দূরীকরণার্থে জেলা পরিষদের সাথে আলোচনাক্রমে আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে। উক্ত ব্যাপারে সরকারের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য করা হইবে।

(জ) অন্যান্য বিষয়:

(১) নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট রাঙ্গামাটিতে ছাত্র/ছাত্রী ভর্তি কেন্দ্রীয়ভাবে নির্ধারিত নিয়মাবলী অনুসরণে জেলা পরিষদ কর্তৃক পরিচালিত হইবে। স্বাস্থ্য সেবায় অনন্য অবদানের জন্য প্রচলিত পুরস্কার প্রদানের জন্য প্রার্থী নির্বাচন কেন্দ্রীয়ভাবে হইবে। জেলা পরিষদ এই ক্ষেত্রে মনোনয়ন প্রদান করিবে।

(২) চুক্তিনামায় যেসব বিষয় বর্ণিত বা অন্তর্ভুক্ত হয়নি, সেসব বিষয় সরকারের বিদ্যমান ও প্রযোজ্য আইন/বিধি/বিধিমালা অনুযায়ী পরিচালিত হইবে,

(৩) কেন্দ্রীয়ভাবে গৃহীত ও নিয়ন্ত্রিত প্রকল্পের পরিসম্পদ ব্যতিরেকে অত্র চুক্তিনামার আওতায় হস্তান্তরিত বিষয় সংশ্লিষ্ট নার্সিং ট্রেনিং ইন্সটিটিউটের নিজস্ব পরিসম্পদ আপাততঃ ব্যবহারের ক্ষমতা পরিষদের থাকিবে এবং এসব পরিসম্পদের রক্ষণাবেক্ষণের দায়িত্ব পরিষদ পালন করিবে।

(৪) ইন্সটিটিউট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অথবা সেবা পরিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী/পরামর্শ অনুসরণ করিবে।

২। এই চুক্তি অদ্য ১২মে, ২০০৯খ্রিঃ/ ২৯ বৈশাখ, ১৪১৬ বঙ্গাব্দ হতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(স্বাক্ষর) ১২/৫/০৯

(ডাঃ মোঃ আবদুল জলিল)
যুগ্ম-সচিব(হাসপাতাল ও নার্সিং)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আমি জগৎ জ্যোতি চাকমা, চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের পক্ষে এই চুক্তিপত্রে উল্লিখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

(স্বাক্ষর) ১২.০৫.০৯

(জগৎ জ্যোতি চাকমা)
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি।